[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক, সাবেক এমপি মকবুল হোসেন, জেলা আওয়ামীলীগের সহ-সভাপতি ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব সিরাজুল ইসলাম,গাংনী পৌর মেয়র আহম্মেদ আলী, গাংনী সরকারি ডিগ্রি কলেজের অধ্যক্ষ মনিরুল ইসলাম, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুর রাজ্জাক, গাংনী মহিলা ভাইসচেয়ারম্যান ফারহানা ইয়াসমীন, তেতঁতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস পচু, মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহম্মেদ, কাথুলি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা, কাজিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মু. আলম হুসাইন, বামন্দী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ওবায়দুর রহমান কমল, রাইপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান গোলাম সাকলায়েন সেপু, ধানখোলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুর রাজ্জাক, গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন, উপজেলা যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক মজিরুল ইসলাম মিয়া, ইটভাটা মালিক সমিতির সভাপতি এনামুল হক, সিনিয়র সাংবাদিক ফারুক আহম্মেদ, সাংবাদিক রফিকুল ইসলাম বকুল প্রমুখ।

উপস্থিত ছিলেন, সরকারি দফতরের কর্মকর্তা, মুক্তিযোদ্ধা, সাংবাদিক, শিক্ষক, মসজিদের ইমামসহজ বিভিন্ন শ্রেনী পেশার মানুষ।

মেহেরপুরের বারাদী বীজ উৎপাদন খামারে দ্বিতীয় দিনের শ্রমিক ধর্মঘট চলছে

মেহেরপুরের বারাদী বীজ উৎপাদন খামার (বিএডিসি) কৃষি খামারে বিভিন্ন দাবি বাস্তবায়নের লক্ষ্যে অবস্থান ধর্মঘট,মানববন্ধন ও র্যালি অনুষ্ঠিত হয়েছে।

এর আগে শুক্রবার সকাল সাড়ে ৬ টায় ১০ দিনব্যাপি বারাদী খামার চত্তরে শ্রমিক ইউনিয়নের উদ্যোগে দ্বিতীয় দিনের শ্রমিকদের বেতন বৃদ্ধি, নিয়মিতকরণ ও বাৎসরিক দুইটি উৎসব ভাতা প্রদান সহ ১৩ দফা দাবি বাস্তবায়নের লক্ষ্যে কেন্দ্রীয় ঘোষিত কর্মসূচির অংশ হিসাবে বারাদী খামারের শ্রমিকেরা এ কর্মসূচি পালন করে।

বাংলাদেশ কৃষি খামার শ্রমিক ফেডারেশনের সাধারণ সম্পাদক গোলাম সারোয়ার বলেন, কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ বেশ কিছু প্রতিষ্ঠান সরকারি সকল সুবিধা পেলেও কৃষি খামার শ্রমিকেরা সকল প্রকার সুযোগ সুবিধা থেকে বঞ্চিত। একই প্রতিষ্ঠানে দীর্ঘদিন কাজ করেও শ্রমিকদের বেতন বাড়ছে না, তাদের নিয়মিত করণ করা হচ্ছে না, সরকারি কর্মকর্তারা ইচ্ছেমাসিক শ্রমিক ছাটাই ও কাজ দিচ্ছেন, শ্রমিকেরা ছুটি ভোগ করতে পারে না, চিকিৎসা ভাতা পায় না এই সকল দাবি বাস্তবায়নের লক্ষ্যে কৃষি ফার্ম শ্রমিক ফেডারেশন ১৩ দফা দাবি আদায়ে কর্মসূচি গ্রহণ করেছে।

বারাদী কৃষি ফার্ম শ্রমিক ফেডারেশনের সভাপতি আলতাব হোসেন বলেন, কেন্দ্রীয় ঘোষিত কর্মসূচির অংশ হিসেবে দাবী আদায়ের লক্ষ্যে দশ দিনব্যাপী আমাদের কার্যক্রম অব্যাহত থাকবে। এ সময় বক্তব্য রাখেন শ্রমিক নেতা শাহাবুদ্দিন, আব্দুর রশিদ, মিঠুন আলী, সাবিরুল ইসলাম। আরও উপস্থিত ছিলেন বারাদী কৃষি ফার্ম শ্রমিক ফেডারেশনের সহ-সভাপতি আজগার আলী খোকন, সাধারণ সম্পাদক কাজী আলম, আলিমদ্দীন, আক্তার হোসেন, মিনহাজ উদ্দীন, জিয়া, সামাদ, রফিকসহ আরও অনেকে।

গাংনীতে সাপের কামড়ে কলেজ ছাত্র নিহত

মেহেরপুরের গাংনী উপজেলার করমদি গ্রামে সাপের কামড়ে আকাশ আহম্মেদ
(১৮) নামের এক কলেজ ছাত্র নিহত হয়েছেন।

আকাশ আহম্মেদ করমদি গ্রামের কুমারপাড়ার রাহিদুল ইসলামের ছেলে ও করমদি ডিগ্রি কলেজের একাদশ শ্রেনীর ছাত্র।

গতরাতে বিছানায় ঘুমন্ত অবস্থায় আকাশ আহাম্মেদের হাতে সাপে কামড় দেয়। রাতেই তাকে স্থানীয় এক ওঝাঁ’র (কবিরাজ) কাছে নিলে সে ঝাঁড়ফুক করে দেন। আজ সকালে তার অবস্থা খারাপ হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়ার সময় পথের মধ্যে মারা যায় সে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য

মেহেরপুরে শহীদ মিজানুর রহমান রিপন স্মৃতি ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

মেহেরপুর পৌরসভার ৫নং ওয়ার্ড চক্রাপাড়া উদ্যোগে শহীদ মিজানুর রহমান রিপন স্মৃতি ফুটবল টুর্নামেন্টের আয়োজন করা হয়।

শুক্রবার বিকেলে মেহেরপুর পৌরসভার ৫নং ওয়ার্ড চক্রপাড়ায় ফুটবল টুর্নামেন্ট উদ্বোধন করা হয়।

উদ্বোধনের সময় উপস্থিত ছিলেন মেহেরপুর পৌরসভার মেয়র ও মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটন।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌরসভার ৬নং ওয়ার্ডের কাউন্সিলর ও প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, মেহেরপুর সরকারি কলেজ শাখা ছাত্রলীগের সাবেক সেক্রেটারি ও জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মাসুদ রানা সহ বিভিন্ন শ্রেণী পেশার ফুটবল প্রেমিক দর্শকরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে কৃষি খামার শ্রমিকদের ১৩ দফা বাস্তবায়নের

[redacted]

[redacted] [redacted] [redacted] [redacted]-[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] (2) [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

মেহেরপুর জেলা যুবলীগের একাংশের প্রতিবাদ মিছিল ও সমাবেশ

যুবলীগ নেতা আজাদ শেখের হত্যার প্রতিবাদে ও এই হত্যাকাণ্ডের সাথে জড়িত বিএনপি-জামাতের সন্ত্রাসীদের অবিলম্বে গ্রেফতারের দাবিতে কেন্দ্রীয় যুবলীগের নির্দেশে সারা দেশের ন্যায় মেহেরপুরেও জেলা যুবলীগের প্রতিবাদ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার (২১ জুলাই) বিকাল সাড়ে পাচটায় মেহেরপুর জেলা যুবলীগের একাংশের আয়োজনে মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ন আহবায়ক সরফরাজ হোসেন মৃদুলের নেতৃত্বে এই প্রতিবাদ মিছিল সমাবেশ অনুষ্ঠিত হয়।

তবে কর্মসূচি প্রতিবাদ মিছিল ও সমাবেশের হলেও মিছিলের ব্যানারে লেখা ছিল “২০ মে ২০২৩ শনিবার, শান্তি সমাবেশ ও বিক্ষোভ মিছিল। ” মেহেরপুরের বিভিন্ন অনলাইন পোর্টাল ও ফেসবুক পেজে কর্মসূচিটি লাইভ করা হয়। ব্যানারের এই ভুল নিয়ে বিভিন্ন মহলে বিরূপ প্রতিক্রিয়া তৈরি হয়।

উল্লেখ্য ২০ জুলাই খুলনা বিভাগীয় “তারুণ্যের জয়যাত্রা” সমাবেশ শেষে সন্ধ্যায় বাড়ি ফেরার পথে নড়াইলের কালিয়া উপজেলার ১১ নং পেরুলিয়া ইউনিয়নের খেয়াঘাটে ওৎপেতে থাকা বিএনপি-জামাতের সঙ্ঘবদ্ধ সন্ত্রাসী হামলায় ১১ নং পেরুলিয়া ইউনিয়ন যুবলীগ নেতা আজাদ শেখ
(৩০) নিহত হন এবং যুবলীগ কর্মী জনি সরদার গুরুতর আহত হন। বিএনপি-জামাতের ন্যাক্কারজনক সন্ত্রাসী হামলার তীব্র প্রতিবাদ জানিয়েছেন বাংলাদেশ আওয়ামী যুবলীগ চেয়ারম্যান শেখ ফজলে শামস পরশ ও সাধারণ সম্পাদক আলহাজ্ব মোঃ মাইনুল হোসেন খান নিখিল। একই সাথে যুবলীগ নেতা আজাদ শেখের হত্যাকাণ্ডের প্রতিবাদে এবং এই হত্যাকাণ্ডের সাথে জড়িত বিএনপি-জামাতের সন্ত্রাসীদের অবিলম্বে গ্রেফতারের দাবিতে দেশব্যাপী এই কর্মসূচি পালন করা হয়।

মেহেরপুরে কর্নেল আবু তাহেরের ৪৭ তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা

মেহেরপুরে শহীদ কর্নেল আবু তাহের (বীরউত্তম) এর ৪৭ তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার ২১ জুলাই বিকাল ৫ টায় মেহেরপুর জেলা প্রেসক্লাবে জাতীয় সমাজতান্ত্রিক দল-জাসদ মেহেরপুর জেলা শাখার আয়োজনে এবং জেলা জাসদের সভাপতি ওমর আলীর সভাপতিত্বে, যুবজোট নেতা নুরু উস সাফা প্লাবনের সঞ্চালনায় আলোচনা সভায় প্রধান বক্তা হিসেবে কর্ণেল আবু তাহেরের দীর্ঘ সংগ্রামী জীবন তুলে ধরে জেলা জাসদের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু বলেন কর্নেল আবু তাহেরের রাজনৈতিক দর্শনের প্রয়োজনীয়তা ও গ্রহণযোগ্যতা বর্তমান প্রেক্ষাপটেও একইভাবে প্রযোজ্য।

আলোচনা অরোও বক্তব্য রাখেন রাখেন মেহেরপুর জেলা জাসদের সাবেক সভাপতি হারুনর রশীদ। এ সময় জেলা জাসদ ও যুব জোটের কর্মী ও নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

রোমানিয়ায় গিয়ে প্রতারনার শিকার মুজিবনগরে দুই যুবক; থানায় অভিযোগ

মেহেরপুরের মুজিবনগরে ভাগ্যের চাকা ঘোরাতে ইউরোপের দেশ রোমানিয়ায় গিয়ে প্রতারণার শিকার হয়েছেন সজিব মোল্লা ও দেলোয়ার হোসেন নামের দুই যুবক। ভালো বেতনের কাজের আশায় গিয়ে ৩ মাসের মধ্যে সব কিছু খুইয়ে নিঃস হয়ে বাড়ি ফিরেছেন তারা।

এ ঘটনায় মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রামের সাদ্দাস হোসেন

[redacted]

[redacted]